**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া আজ এডিসি নির্বাচনে ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। ভোটের হার ৮১ শতাংশেরও বেশি।**
**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'নারী শক্তি বন্দন অধিনিয়ম'-এর বিষয়ে লোকসভা ও রাজ্যসভার সব দলের নেতাদের কাছে তাঁদের সমর্থন চেয়ে চিঠি লিখেছেন।**
**(৩) কিংবদন্তী গায়িকা ও পদ্মবিভূষণ পুরস্কারপ্রাপ্ত আশা ভোঁসলে আজ ৯২ বছর বয়সে মুম্বাইয়ে পরলোকগমন করেছেন।**

**(৪) পবিত্র অমরনাথ যাত্রা এবছর তেসরা জুলাই থেকে শুরু হবে।**

*****************************************

**ADC–Election :**

কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া আজ এডিসি নির্বাচনে ভোটগ্রহণ ছিল শান্তিপূর্ণ। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আজ সকাল সাতটা থেকে এডিসির ২৮টি আসনে ভোট গ্রহণ শুরু হয়। রাজ্য নির্বাচন কমিশনের নির্ধারিত সুচি অনুযায়ী ভোট গ্রহণের সময়সীমা বিকেল চারটা পর্যন্ত। কিন্তু ভোটারদের দীর্ঘ লাইন থাকায় নির্ধারিত সময়ের পরেও ভোট গ্রহণ করা হয়। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে সর্বশেষ প্রাপ্ত সংবাদে জানা গেছে, এখনো পর্যন্ত ৮১ শতাংশেরও বেশি ভোট পড়েছে। সকাল থেকেই বহু ভোটকেন্দ্রে ভোটারদের দীর্ঘ লাইন পরিলক্ষিত হয়। বহু আসনেই ভোটাররা উৎসবে মেজাজে ভোট দিয়েছেন। আজ ভোট গ্রহণ করা হয়েছে মোট ১ হাজার ২৫৭টি ভোটকেন্দ্রে। এই নির্বাচনে আজ মোট ১৭৩ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করা হয়েছে। মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন।

এডিসি নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে ছিল মোট ২৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী, প্রায় ১২ হাজার রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ান।

*************************

**ADC-Election-2 :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া কিল্লা-বাগমা আসনের বড়বাড়ি বিশ্বচন্দ্র পাড়া জে বি স্কুলের ভোটকেন্দ্রে, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা কুলাই চাম্পাহাওর আসনের ১২ নম্বর ভোটকেন্দ্রে, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা করমছড়া আসনের পেঁচারথল তহশীল কাছারী ভোট কেন্দ্রে, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা মহারানীপুর তেলিয়ামুড়া আসনের নির্বাচনী কেন্দ্রের বলরাম কোবরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভোট কেন্দ্রে ভোট দেন।

***********************

**ADC Vote-UNAKOTI :**

ঊনকোটি জেলায় মাছমারা ও করমছড়া আসনে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ শেষ হয়েছে। ভোটাররা উৎসবের মেজাজে ভোট দিয়েছেন। মাছমারা আসনের দুটি ভোট কেন্দ্রে EVM-এ যান্ত্রিক ত্রুটির কারণে ভোটযন্ত্র পরিবর্তন করে ভোটগ্রহণ করা হয়েছে নির্বিঘ্নেই।

কুমারঘাটের মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার এন.এস. চাকমা জানান, মাছমারা ও করমছড়া আসনে ভোট শেষে ভোট কর্মীরা EVM গুলি কুমারঘাট গার্লস স্কুলে নিয়ে আসছেন। এই ইভিএম-গুলি ত্রি-স্তরীয় নিরাপত্তায় স্ট্রং রুমে রাখা হবে।

*************************

**ADC-Election-Sepahijala :**

বিক্ষিপ্ত কিছু অভিযোগ পাল্টা অভিযোগ ছাড়া সিপাহীজলা জেলায় এডিসি নির্বাচনে ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। ভোট গ্রহণ শেষে

ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে ফিরতে শুরু করেছেন। সিপাহীজলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানিয়েছেন, কয়েকটি ভোটকেন্দ্রের বাইরে কিছু অনাকাঙ্খিত ঘটনার অভিযোগ পাওয়া গেছে। যা ভোট গ্রহণের কাজে কোন ব্যাঘাত ঘটায়নি।

*************************

**ADC-Election-Secretary :**

রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া এডিসি নির্বাচনে ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। সিপাহীজলা ও খোয়াইয়ের কয়েকটি ভোট কেন্দ্রে কিছু অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারদের কাছ থেকে রিপোর্ট চাওয়া হয়েছে। রিপোর্ট পাওয়ার পরই কমিশন পরবর্তী পদক্ষেপ নেবে।

#######Byte-Anurag Sen#####

******************************

**BJP-Press Meet :**

এডিসি নির্বাচনে উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ভোটাধিকার প্রয়োগ করায় নির্বাচক মন্ডলীকে অভিনন্দন জানিয়েছেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য। পাশাপাশি তিনি রাজ্য নির্বাচন কমিশন, এডিসি নির্বাচনের কাজে যুক্ত সংশ্লিষ্ট সবাই, পুলিশ ও নিরাপত্তা কর্মীদেরও অভিনন্দন জানিয়েছেন।

**************************

**Vote-LOP :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি কেন্দ্রের সোনা মোহন রোয়াজা পাড়া জেবি স্কুলে ভোট দেন। তিনি বলেন, সকাল ১১টা পর্যন্ত সারা রাজ্যে ভোটগ্রহণ মোটামুটিভাবে শান্তিপূর্ণ থাকলেও বেশ

কয়েকটি বুথে শাসক দলের কিছু সমর্থক অশান্তির চেষ্টা করে। কয়েকটি ভোট কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থীদের ঢুকতে বাধা দেয়। বেশ কিছু ভোট কেন্দ্রে সিপিআইএম-এর পোলিং এজেন্টদের বের করে দেওয়া হয়। পরে পুলিশ প্রশাসনের হস্তক্ষেপে এজেন্টরা পুনরায় ভোটকেন্দ্রে বসার সুযোগ পায়।

**********************

**ADC-Election-Pradyut :**

এডিসি নির্বাচনে ব্যাপক অংশের ভোটার ভোটদানে এগিয়ে আসায় তিপরা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা, নির্বাচক মন্ডলীকে অভিনন্দন জানিয়েছেন। আজ সন্ধ্যায় আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যের ভোটাররা রাজনৈতিকভাবে সচেতন, ফলে তারা তাদের ভোটাধিকার সম্পর্কেও যথেষ্ট সচেতন ছিল। তিনি ভোটের কাজে নিযুক্ত ভোট কর্মী, নিরাপত্তা কর্মীদেরও ধন্যবাদ জানিয়েছেন। প্রদ্যোৎ কিশোর দেববর্মা আজ মান্দাই আসনের অভিরাম মুকুমু জে বি স্কুল ভোট কেন্দ্রে ভোট দিয়েছেন।

*************************

**PM-Parliament :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ‘নারী শক্তি বন্দন অধিনিয়ম’-এর বিষয়ে লোকসভা ও রাজ্যসভার সব দলের নেতাদের কাছে তাঁদের সমর্থন চেয়ে চিঠি লিখেছেন। চিঠিতে প্রধানমন্ত্রী উল্লেখ করেন, আগামী ১৬ই এপ্রিল থেকে সংসদে নারী শক্তি বন্দন অধিনিয়ম সংক্রান্ত একটি ঐতিহাসিক আলোচনা হতে চলেছে। সারাদেশে নারী শক্তি বন্দন অধিনিয়মকে প্রকৃত মর্ম অনুসারে বাস্তবায়ন করার প্রকৃত সময় এখনই। ২০২৯ সালের লোকসভা ও বিধানসভা নির্বাচনে নারী সংরক্ষণ ব্যবস্থা চালু রাখা অপরিহার্য বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। সর্বসম্মতিক্রমে যাতে এই সংশোধনী বিলটি পাস হয় চিঠিতে এই আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী।

লোকসভা ও রাজ্যসভায় নারী শক্তি বন্দন অধিনয়ম নিয়ে আলোচনার জন্য আগামী ১৬ থেকে ১৮ই এপ্রিল সংসদের বিশেষ অধিবেশন ডাকা হয়েছে। বিশেষ অধিবেশন চলাকালীন ওই সময়ে সংসদে উপস্থিত থাকার জন্য বিজেপি দলীয় সাংসদদের উদ্দেশে হুইপ জারি করেছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Asha Bhosle Passes Away :**

কিংবদন্তী গায়িকা ও পদ্মবিভূষণ পুরস্কারপ্রাপ্ত আশা ভোঁসলে আজ ৯২ বছর বয়সে মুম্বাইয়ে পরলোকগমন করেছেন। আগামীকাল বিকেল ৪টায় শিবাজি পার্কে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে। অসুস্থতার কারণে গতকাল সন্ধ্যায় তাঁকে মুম্বাইয়ের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। আশা ভোঁসলে আধুনিক ভারতীয় সঙ্গীতের অন্যতম শ্রেষ্ঠ কন্ঠশিল্পী। ১৯৩৩ সালে প্রখ্যাত মঙ্গেশকর পরিবারে জন্মগ্রহণ করেন, তিনি নয় বছর বয়সে তার সঙ্গীত জীবন শুরু করেন। ১৯৪৩ সালে তিনি তার প্রথম চলচ্চিত্রের গান রেকর্ড

করেন এবং ১৯৫০-এর দশকের মধ্যে হিন্দি চলচ্চিত্রে তিনি নিজের একটি স্বতন্ত্র পরিচয় প্রতিষ্ঠা করেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কিংবদন্তি গায়িকা আশা ভোঁসলের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আশা ভোঁসলে তাঁর সুমধুর ও কালজয়ী কন্ঠ দিয়ে কয়েক দশক ধরে ভারতীয় সঙ্গীতকে সমৃদ্ধ করেছেন। তাঁর মৃত্যু সঙ্গীতপ্রেমীদের জন্য এক অপূরণীয় ক্ষতি এবং তাঁর সঙ্গীত চিরকাল বেঁচে থাকবে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, আশা ভোঁসলের কালজয়ী কন্ঠ এবং তাঁর সঙ্গীত ঐতিহ্য লক্ষ লক্ষ মানুষের হৃদয়ে অনুরণিত হতে থাকবে এবং আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, আশা ভোঁসলে ছিলেন ভারতের অন্যতম সেরা এবং বহুমুখী কন্ঠের অধিকারী।

তিনি বলেন, কয়েক দশক ধরে বিস্তৃত তাঁর অসাধারণ সঙ্গীতযাত্রা দেশের সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ করেছে এবং বিশ্বজুড়ে অগণিত মানুষের হৃদয় স্পর্শ করেছে। প্রধানমন্ত্রী তাঁর পরিবার, ভক্ত এবং সঙ্গীতপ্রেমীদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, সঙ্গীতের প্রতিটি ধারার সঙ্গে নিজেকে মানিয়ে নেওয়ার তাঁর অসাধারণ ক্ষমতা সকলের মন জয় করেছে এবং লক্ষ লক্ষ হৃদয়কে স্পর্শ করেছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক শোকবার্তায় বলেছেন, তাঁর কালজয়ী কন্ঠ এবং ভারতীয় সঙ্গীতে অতুলনীয় অবদান প্রজন্ম থেকে প্রজন্মকে অনুপ্রাণিত করে যাবে। তিনি বলেন ভারত তার অন্যতম শ্রেষ্ঠ সঙ্গীত আইকনকে হারালো, কিন্তু তাঁর সুর সকলের হৃদয়ে চিরকাল বেঁচে থাকবে।

*************************

**AMARNATH YATRA :**

দক্ষিণ কাশ্মীরের পবিত্র অমরনাথ যাত্রা এবছর তেসরা জুলাই থেকে শুরু হবে। চলবে আগামী ৮ই আগস্ট পর্যন্ত। মোট ৫৭ দিনব্যাপী এই যাত্রার সিদ্ধান্ত নেওয়া হয়েছে শ্রী অমরনাথজি শ্রাইন বোর্ড-এর বৈঠকে।

জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা জানান, এবারের অমরনাথ যাত্রার জন্য ১৫ এপ্রিল থেকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হবে। ১৩ থেকে ৭০ বছর বয়সী তীর্থযাত্রীরা এই যাত্রায় অংশ নিতে পারবেন। রেজিস্ট্রেশন অনলাইন ও অফলাইন-উভয় মাধ্যমেই করা যাবে।

তিনি বলেন, দেশের প্রায় ৫৫৬টি নির্ধারিত ব্যাঙ্ক শাখার মাধ্যমে অগ্রিম রেজিস্ট্রেশন করা যাবে। পাশাপাশি শ্রী অমরনাথজি শ্রাইন বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটের মাধ্যমেও অনলাইনে নাম নথিভুক্ত করা যাবে।

****************************

**Drug :**

নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেল আসাম রাইফেলস ও ডাইরেক্টরেট অফ রেভিনিউ ইন্টেলিজেন্স। গতকাল খোয়াই জেলার তেলিয়ামুড়া আসাম রাইফেলস এবং ডিআরআই এক যৌথ অভিযান চালিয়ে একটি গাড়ি থেকে ২ লক্ষ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। যার বাজার মূল্য আনুমানিক 16 কোটি টাকা। নেশা সামগ্রী পাচারের দায়ে রাজু দেব নামে এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। তার বাড়ি পশ্চিম জেলার জলিলপুরে।

****************************

**Vice President-Delhi :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ নতুন দিল্লির ‘ভারত মণ্ডপম’-এ “বিজ্ঞান ও প্রযুক্তিগত হস্তক্ষেপের মাধ্যমে আদিবাসী জীবনের রূপান্তর— ভাষা, বিশ্বাস ও সংস্কৃতির সংরক্ষণ” শীর্ষক একটি সম্মেলনের উদ্বোধন

করেন। ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, 'নর্থ ইস্ট সেন্টার ফর টেকনোলজি অ্যাপ্লিকেশন অ্যান্ড রিচ' এবং দেহরাদূনের 'আইটিআইটিআই দুন সংস্কৃতি স্কুল'-এর সহযোগিতায় এই সম্মেলনের আয়োজন করা হয়।

উপরাষ্ট্রপতি বলেন, ভারতে প্রায় ১ লক্ষ ৪০ হাজার জনজাতি অধ্যুষিত গ্রাম রয়েছে। এই সমস্ত অঞ্চলে সবুজ অর্থনৈতিক উন্নয়নের বিপুল সম্ভাবনা রয়েছে। তিনি নকশা, বস্ত্রশিল্প এবং রঙের বিন্যাসে জনজাতি সম্প্রদায়ের অসাধারণ দক্ষতারও প্রশংসা করেন, যা প্রজন্মের পর প্রজন্ম ধরে সংরক্ষিত হয়ে আসছে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পশ্চিম ও খোয়াই জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************